# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

১ জুলাই-৩০ সেপ্টেম্বর, ২০১৭ | ৩৩তম সংখ্যা


## শোকাবহ আগস্ট শীর্ষক আলোচনা ও স্মরণসভা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে শোকাবহ আগস্ট শীর্ষক এক আলোচনা ও স্মরণসভা ৯ আগস্ট বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তার পরিবারসহ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক বলেন, "জাতির পিতার প্রত্যক্ষ খুনীদের বিচার হয়েছে, কিন্তু পর্দার অন্তরাল থেকে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বঙ্গবন্ধু খুনের সাথে জড়িত কুলাঙ্গার জিয়া ও মোস্তাকদের মরণোত্তর বিচার করতে হবে। জীবিত বঙ্গবন্ধুর চেয়ে মৃত বঙ্গবন্ধুই বেশি শক্তিশালী- জাতির কাছে তা আজ বোধগম্য।"




আলোচনা সভায় মঞ্চে উপবিষ্ট রয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, উপাচার্য, ট্রেজারারসহ অতিথি ও আলোচকবৃন্দ

তিনি আরো বলেন, "বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণে প্রমাণিত হয় তিনি বিশ্বসেরা কূটনীতিক। তাঁর নির্দেশেই দেশের জনগণ স্বাধীনতা সংগ্রামে অংশ নেয় এবং স্বাধীনতা অর্জন করে। বঙ্গবন্ধু দীর্ঘ ২৪ বৎসর আন্দোলন করেন। বঙ্গবন্ধু এমন একজন রাষ্ট্রনায়ক যিনি সকলকে স্বাধীনতার স্বপ্ন দেখেই ক্ষান্ত হননি, স্বাধীনতার স্বপ্নকে বাস্তবে রূপদান করেছেন। বঙ্গবন্ধুই সমুদ্র আইনে প্রথম মামলা করেন, শিক্ষানীতি প্রণয়ন করেন এবং স্বাধীনতা উত্তরকালীন ব্যাপকভাবে দেশকে সমৃদ্ধ করেছেন। স্বাধীনতার পরবর্তী সময়ে বঙ্গবন্ধু যখন দেশকে স্বাভাবিক ও দেশের উন্নয়নের ধারা ত্বরান্বিত করছিলেন তখনই ঘাতকেরা বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করে।"

বিশেষ অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, "১৫ আগস্ট কেবলমাত্র রাষ্ট্র ক্ষমতা পরিবর্তনের জন্য হয়নি। বঙ্গবন্ধু, বাংলাদেশ ও বাঙালিত্ব- এই তিনটি জিনিসকে একই সাথে হত্যা করা হয়েছিল। বাঙালির ইতিহাসকে মুছে ফেলে পূর্ব পাকিস্তান কায়েম করার জন্য এই ঘটনা ঘটানো হয়েছিল। স্বাধীনতার পূর্ব পর্যন্ত আমাদের দেশ সার্বভৌম এবং আধুনিক রাষ্ট্র হিসেবে কখনও ছিল না। বঙ্গবন্ধুই আধুনিক বাংলাদেশ নামক রাষ্ট্রের স্থপতি এবং তৎকালীন ৬ দফা ছিল স্বাধীনতার মূল স্তম্ভ।"

তিনি আরো বলেন, "দেশ স্বাধীন হওয়ার পর স্বাধীনতা বিরোধী গোষ্ঠী পরাজয়ের গ্লানি মেনে নিতে পারেনি বলেই দেশীয় এবং আন্তর্জাতিক অঙ্গনের শত্রুদের নিয়ে ১৫ আগস্ট ঘটানো হয়েছিল। আর আমাদের স্বাধীন এই রাষ্ট্র '৭৫ পরবর্তীতে ক্যান্টনমেন্টে বন্দী করে ফেলা হয়। আর জাতির পিতার কন্যার এক শ্রেষ্ঠ অবদান হচ্ছে ক্যান্টনমেন্টে অবরুদ্ধ গণতন্ত্রকে উদ্ধার করা।"

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নারায়ন চন্দ্র চন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং বাংলাদেশ আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য এডভোকেট কাজী নজিবুল্লাহ হিরু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাকী। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বন্যাদুর্গতের সাহায্যার্থে প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ

সম্প্রতিককালের বন্যাদূর্গতদের সাহায্যার্থে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল ৩০ আগস্ট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থের চেক প্রধানমন্ত্রীর নিকট চেক হস্তান্তর করেন।



বন্যাদূর্গতের সাহায্যার্থে শিক্ষক সমিতির পক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট চেক হস্তান্তর করছেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, সহ-সভাপতি আবদুল্লাহ আল-মাসুদ, কোষাধ্যক্ষ মোঃ জহিরউদ্দিন আরিফ এবং সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী উপস্থিত ছিলেন।

এসময় প্রধানমন্ত্রী জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক, সমৃদ্ধ ও যুগোপযোগী আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার ইচ্ছা ব্যক্ত করেন।

## বিশেষ সংবাদ

### উচ্চশিক্ষা বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সে উপাচার্যের যোগদান

Vice-Chancellors' Forum on Universities in the Islamic World-এর উদ্যোগে ২৬ ও ২৭ জুলাই 'Forming the Higher Education Area of the Islamic World' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স তুরস্কের রাজধানী আঙ্কারার প্রেসিডেন্সিয়াল কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। কনফারেন্সে যোগদানের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ২৫ জুলাই তুরস্কে গমন করেন।




উচ্চশিক্ষা বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সে বক্তব্য প্রদান করছেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান

উল্লেখ্য, সম্মেলনে বাংলাদেশসহ মুসলিম বিশ্বের বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষাবিদরা অংশগ্রহণ করেন। এই সম্মেলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে আন্তঃসহযোগিতা এবং শিক্ষা সংশ্লিষ্ট যোগাযোগ বৃদ্ধি পাবে।

## একাডেমিক সংবাদ

### জার্নাল অফ আর্টস-এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ কর্তৃক প্রকাশিত Journal of Arts, Volume # 6, Number # ১-২ এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান ১৯ জুলাই উপাচার্য মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান জার্নালটির মোড়ক উন্মোচন করেন।




উচ্চশিক্ষা বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সে বক্তব্য প্রদান করছেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান

উল্লেখ্য, এই প্রথম বারের মতো প্রিন্ট ভার্সনের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অনলাইন ভার্সনে জার্নালটি প্রকাশিত হয়। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম-এর সঞ্চালনায় এসময় বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু, ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আবু জাফর, ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার, সংগীত বিভাগের চেয়ারম্যান অণিমা রায়, চারুকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, নাট্যকলা বিভাগের চেয়ারম্যান জনাব কামালউদ্দিন খান এবং জার্নালে প্রকাশিত প্রবন্ধের লেখকগণ, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস উপস্থিত ছিলেন।

### বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি পরীক্ষার কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান ৮ আগস্ট উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ভর্তি কার্যক্রমের উদ্বোধন করেন।




২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম উদ্বোধন করছেন উপাচার্য

এসময় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানসহ অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত শিক্ষাবর্ষ (২০১৬-১৭) হতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রযুক্তিতে ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। এবার ৫টি ইউনিটে ২,৭৬৫টি আসনের বিপরীতে ভর্তি কার্যক্রম শুরু হয় যা ৩১ আগস্ট শেষ হয়। অনলাইনে ১,২২,৫৯৯ জন ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছেন অর্থাৎ ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবেন প্রায় ৪৪ জন।

### জার্নাল অফ স্যোসাল সায়েন্স-এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ কর্তৃক প্রকাশিত 'Journal of Social Science' (Vol-3, NO 1 & 2)-এর মোড়ক উম্মোচন অনুষ্ঠান ১৭ সেপ্টেম্বর উপাচার্য মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান জার্নালটির মোড়ক উন্মোচন করেন।

এসময় সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. হেলেনা ফেরদৌসী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল হোসেন, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. লীমা হক ও সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ফরিদা আক্তার খানম উপস্থিত ছিলেন।

### 'সাহিত্য-গবেষণা পত্রিকা'-এর মোড়ক উন্মোচন

বাংলা বিভাগের উদ্যোগে 'সাহিত্য-গবেষণা পত্রিকা' (বর্ষ ২ ॥ সংখ্যা ১॥ আষাঢ়-জ্যৈষ্ঠ ১৪২২-১৪২৩, জুলাই- ২০১৫- জুন ২০১৬)-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান ২৬ সেপ্টেম্বর উপাচার্য মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে পত্রিকার মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় উদ্ভিদবিজ্ঞান বিভাগ, বাংলা বিভাগের চেয়ারম্যান, পত্রিকার সম্পাদক ও বাংলা বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

### ডিজিটাল ডায়েরি ও ফটো গ্যালারি উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে 'ডিজিটাল ডায়েরি' এবং নেটওয়ার্কিং অ্যান্ড আইটি দপ্তরের উদ্যোগে 'ফটো গ্যালারি'-এর উদ্বোধনী অনুষ্ঠান ২০ আগস্ট উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান 'ডিডিটাল ডায়েরি' ও 'ফটো গ্যালারি'র উদ্বোধন করেন।



ডিজিটাল ডায়েরি ও ফটো গ্যালারি উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান

এসময় ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মনিরুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরের পরিচালক অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন

## বিভাগীয় কার্যক্রম/সেমিনার

### বিশ্ব পরিবেশ দিবস-২০১৭ উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস-২০১৭' উপলক্ষে 'প্রকৃতির সঙ্গে মানুষের সংযোগ (Connecting People to Nature)' স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে এক সেমিনার ৩০ জুলাই কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, "প্রতিকূল আবহাওয়ার সাথে লড়াই করে আমাদেরকে বেঁচে থাকার জন্যই পরিবেশ দূষণ রোধ করতে হবে। প্রাকৃতিক দুর্যোগ প্রধানত দুটি কারণে ঘটে থাকে; একটি মানব সৃষ্ট এবং অন্যটি প্রাকৃতিক। পৃথিবীর অনেক উন্নত দেশেও অতি বৃষ্টি, অনাবৃষ্টি, ভূমিকম্প, তুষারপাত, জলবদ্ধতার ন্যায় নানা ধরনের প্রাকৃতিক দূর্যোগ ঘটে। আমাদের দেশও এর বাইরে নয়। প্রাকৃতিক দূর্যোগের ফলে যাতে আমাদের ক্ষয় ক্ষতির পরিমাণ কমিয়ে আনা যায় সেজন্য সরকারসহ সকলকে একত্রে কাজ করতে হবে।"




সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য। এসময় মঞ্চে উপবিষ্ট রয়েছেন অতিথিবৃন্দ

তিনি আরো বলেন, "পরিবেশ দূষণের জন্য আমরা নিজেরাও অনেকাংশে দায়ী। মানুষ নানা ধরনের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মকাণ্ড পরিচালনার জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পরিবেশ দূষণ করছে। শুধু পরিবেশ বিজ্ঞানীরা দায়িত্ব পালন করলে চলবে না। প্রতিটি নাগরিক তাদের স্ব-স্ব স্থান হতে দায়িত্ব পালন করলে পরিবেশ দূষণ অনেকাংশে কমিয়ে আনা সম্ভব হবে। আর এক্ষেত্রে তরুণরা সবচেয়ে বেশি ভূমিকা রাখতে পারে।"

ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া। আলোচনা সভায় 'Environmental Activism and Youth' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-এর সদস্য-সচিব স্থপতি মোঃ ইকবাল হাবিব।

এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. নুরুল ইসলাম নাজেম। অনুষ্ঠানে ভূগোল ও পরিবেশ বিভাগের সহকারী অধ্যাপক নিগার সুলতানা এবং প্রভাষক শাহানা সুলতানা-এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক সৈয়দা ইসরাত নাজিয়া এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক নাজমুন নাহার।

উল্লেখ্য, বিশ্ব পরিবেশ দিবস-২০১৭ উপলক্ষে ২৫ জুলাই ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া তিন দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানের প্রথমদিন (২৫ জুলাই) র‌্যালি, বৃক্ষ রোপন কর্মসূচি, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দ্বিতীয় দিন (২৭ জুলাই) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে আলোকচিত্র প্রদর্শনী, প্রবন্ধ উপস্থাপন ও প্রজেক্ট থিম-এর আয়োজন করা হয়। পুরানো ঢাকার স্বনামধন্য স্কুলের শিক্ষার্থীরা কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান আজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে আইন কমিশনের মত-বিনিময় সভা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সাথে আইন কমিশনের এক মত বিনিময় সভা ৩১ জুলাই অনুষদের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত মত বিনিময় সভায় আইন কমিশনের পক্ষ থেকে কমিশনের চেয়ারম্যান সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক, কমিশনের সদস্য বিচারপতি জনাব এ টি এম ফজলে কবির এবং মুখ্য গবেষণা কর্মকর্তা জনাব ফউজুল আজিম ( জেলা জজ) উপস্থিত ছিলেন।



মত-বিনিময় সভায় আইন কমিশনের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, আইন অনুষদের ডিন ও প্রমুখ

অন্যদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, আইন অনুষদের ডিন ও আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সরকার আলী আককাস, ভূমি আইন ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান খ্রীষ্টিন রিচার্ডসনসহ অনুষদের সকল শিক্ষক উপস্থিত ছিলেন।

উক্ত মতবিনিময় সভায় বিচারপতি এ বি এম খায়রুল হক দক্ষ আইনজীবী ও বিচারক তৈরির লক্ষে আইন শিক্ষার মানোন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি আইন বিভাগের সিলেবাসসমূহ যুগোপযোগীকরণ, বাস্তব জ্ঞানভিত্তিক বিষয়গুলোর উপর অধিকতর গুরুত্বারোপ এবং কেস-ল ভিত্তিক পঠন পাঠনের ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন।

### সমাজকর্ম বিভাগের উদ্যোগে 'চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা র‌্যালি'

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সমাজকর্ম সমিতির উদ্যোগে ২ আগস্ট 'চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা র‌্যালি' অনুষ্ঠিত হয়। র‌্যালিতে নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। র‌্যালিটি সামাজিকবিজ্ঞান ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ এবং ক্যাম্পাস সংলগ্ন বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এতে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেন। র‌্যালিতে অংশগ্রহণকারীরা চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয় বিভিন্ন প্ল্যাকার্ড বহন করেন। র‌্যালি শেষে শিক্ষকবৃন্দ সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। এতে বলা হয়, সবাই ব্যক্তিগতভাবে সচেতন হলে এসমস্ত রোগবালাই থেকে মুক্ত থাকা নিশ্চিতভাবে সম্ভব। সমাজকর্মের ছাত্র-ছাত্রীরা সামাজিক ও একাডেমিক দায়িত্বের পাশাপাশি এধরনের জনসচেতনতামূলক কর্মাকাণ্ড অব্যাহত রাখবেন।

## বিভাগীয় কার্যক্রম/সেমিনার

### Institutional Quality Assurance Cell (IQAC)-এর কার্যক্রম

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (UGC) হেকেপ (HEQEP) প্রজেক্টের আওতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell

(IQAC)-এর উদ্যোগে ২ আগস্ট 'Developing Curriculum & Preparing Lesson Plan' শীর্ষক ওয়ার্কস বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। IQAC, JnU-এর পরিচালক ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান-এর সভাপতিত্বে বক্তব্য প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক এবং IQAC-এর অতিরিক্ত পরিচালক ড. মাহবুব আহসান খান।

৩ আগস্ট ও ২০ আগস্ট 'Post Self-assessment Improvement Plan & Outcome-based Learning' শীর্ষক ট্রেনিং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ভার্চুয়াল কাস রুমে অনুষ্ঠিত হয়। ট্রেনিং প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। IQAC-এর পরিচালক ড. কামরুল আলম খান-এর সভাপতিত্বে ট্রেনিং প্রোগ্রামে খুলনা বিশ্ববিদ্যালয়ের Department of Urban & Rural Planning-এর অধ্যাপক ও IQAC-এর প্রাক্তন ডিরেক্টর ড. রেজাউল করিম 'Post Self Assessment Improvement Plan (PSAIP)' এবং 'Outcome-base Learning' বিষয়ে বক্তব্য প্রদান করেন।



ওয়ার্কসপে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

IQAC, JnU-এর উদ্যোগে তিন দিনব্যাপী (২৪, ২৫ ও ২৬ সেপ্টেম্বর) 'Developing Curriculum, Preparing Lesson Plan & Outcome-based learning' শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। IQAC-এর পরিচালক ড. কামরুল আলম খান-এর সভাপতিত্বে রিসোর্স পার্সন হিসেবে খুলনা বিশ্ববিদ্যালয়ের IQAC-এর প্রাক্তন পরিচালক এবং Department of Urban & Rural Planning-এর অধ্যাপক ড. রেজাউল করিম 'Developing Curriculum, Preparing Lesson Plan' এবং 'Outcome-based Learning' বিষয়ক বক্তব্য প্রদান করেন।

এছাড়াও IQAC প্রকল্পের অধীনে ৭ আগস্ট দর্শন বিভাগে 'Survey Result Sharing', ৮ আগস্ট অর্থনীতি বিভাগে 'Post Self Assessment Improvement Plan Sharing', ১০ আগস্ট রসায়ন বিভাগে 'Post Self Assessment Improvement Plan (PSAIP)', ১৬ আগস্ট মাইক্রোবায়োলজি বিভাগে 'Survey Result Sharing of Self Assessment' এবং ১৭ সেপ্টেম্বর নৃবিজ্ঞান বিভাগে 'Survey Result Sharing' শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়।

## মনোবিজ্ঞান বিভাগে 'Research Methodology in Social Science' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে 'উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প (হেকেপ)'-এর অর্থায়নে 'Research Methodology in Social Science' শিরোনামে দুই দিনব্যাপী (২৩ ও ২৪ আগস্ট) প্রশিক্ষণ কর্মশালা মনোবিজ্ঞান বিভাগের সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও Advance Teaching-Learning in Psychology (ATLP) সাব প্রজেক্টের ম্যানেজার অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া।




মনোবিজ্ঞান বিভাগের প্রশিক্ষণ কর্মশালায় অতিথিবৃন্দ

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কামাল উদ্দিন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শামসুদ্দীন ইলিয়াস এবং বিভাগের সিনিয়র শিক্ষকবৃন্দ। উল্লেখ্য, প্রশিক্ষণ শেষে মোট ৫০ জন প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

# শ্রদ্ধাঞ্জলি

## জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান রাজধানীর ধানমন্ডি ৩২নং এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ডিনগণ, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যানগণ, দপ্তর প্রধানগণ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



জাতীয় শোক দিবসে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এরপর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতির পক্ষ থেকে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

এছাড়াও সকাল দশটায় বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে দোয়া মাহফিল এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের আত্মার মাগফেরাত এবং দেশের উন্নয়নের জন্য বিশেষ মোনাজাত করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। পুরান ঢাকার বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা এবং ক্যাম্পাসে দিনব্যাপী মুক্তিযুদ্ধের ও দেশাত্ববোধক গান পরিবেশিত হয়।

## নবীনবরণ/ বিদায় অনুষ্ঠান

### ইতিহাস বিভাগের ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

ইতিহাস বিভাগের উদ্যোগে '৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা-২০১৭' অনুষ্ঠান ৩ আগস্ট বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। শোকাবহ আগস্ট মাস উপলক্ষে অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরিবারের সদস্যদের স্মরণে দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়।




বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। এসময় বিভিন্ন অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## নিয়োগ/যোগদান

### চেয়ারম্যান (ইতিহাস বিভাগ)

১১ জুলাই হতে ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন-কে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)

১ জুলাই হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কাজের স্বার্থে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

### প্রক্টর

২৬ জুলাই হতে মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নূর মোহাম্মদ-কে পরবর্তী দুই বছরের জন্য প্রক্টর হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### পরিবহণ প্রশাসক

২৬ জুলাই হতে প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল মাসুদ-কে পরবর্তী দুই বছরের জন্য পরিবহণ পুলের প্রশাসক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

### ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান

রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান অষ্ট্রেলিয়ার মেলবর্নে ২৩ জুলাই ২০১৭ হতে ২৮ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত 17th Asian Chemical Congress-এ "Fabrication of Weight Concrete Using Waste Jute Fiber" এবং "Direct Catalytic Synthesis of Oxygenated Products from Methane And Ethane" শিরোনামে দুইটি গবেষণাকর্ম উপস্থপন (Oral presentation) করেন।

### ড. এ. জে. সালেহ আহাম্মদ

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. এ জে সালেহ আহাম্মদ অষ্ট্রেলিয়ার মেলবর্নে ২৩ জুলাই ২০১৭ হতে ২৮ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত 17th Asian Chemical Congress-এ "Graphene/Poly (brilliant cresyl blue)- Modified Electrode for Detection of Nitrite" এবং "Enzyme-Free Impedimetric Glucose Sensor Based on Gold Nanoparticles/Polyaniline Composite Film" শিরোনামে দুইটি গবেষণাকর্ম উপস্থাপন (Poster presentation) করেন।

### ড. নূর মোহাম্মাদ

মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নূর মোহাম্মাদ 4th International and 6th Indian Psychological Science Congress-এ অংশগ্রহণ করেন। তিনি ১৫-১৯ সেপ্টেম্বর ভারতের পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্সে 'Mother's Perception Regarding Significant People's Attitudes towards Autistic Children' শিরোনামে গবেষণা উপস্থাপন করেন।

### মুহাম্মদ জামির হোসেন

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ জামির হোসেন জাপান সরকার প্রদত্ত Monbukagakusho (MEXT) Scholarship-এর আওতায় Professor Tadafumi Adschiri এর তত্ত্বাবধানে বিখ্যাত Tohoku University থেকে ২৫/০৯/২০১৭ পিএইচডি কোর্স সম্পন্ন করে সম্প্রতি বিভাগে যোগদান করেন। তাঁর পিএইচডি গবেষণার শিরোনাম ছিল ÒRheology of Highly Concentrated Nanofluids with Surface-Modified Nanoparticles Synthesized in Supercritical Water''। তাঁর গবেষণার অংশবিশেষ The Royal Sociecity Publishing কর্তৃক প্রকাশিত Philosophical Transctions-এ জার্নাল এ প্রকাশিত হয়েছে। তিনি তাঁর গবেষণার ফলাফল কোরিয়ার Seoul National University তে ১২-১৫ অক্টেবর, ২০১৫-এ অনুষ্ঠিত 11th International Symposium on Supercrtical Fluids Incorporating with Supergreen -এ উপস্থাপন করে Best Poster অধিৎফ লাভ করেন।

### ড. মোঃ দেলোয়ার হোসেন

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ দোলোয়ার হোসেন-এর "Effect of metal-metal distance in Ni(II)-based metallo-supramolecular polymers on DNA binding affinity and cytotoxicity" শিরোনামের একটি গবেষণাপত্র সম্প্রতি Royal Society of Chemistry, England এর RSC Advances তে প্রকাশিত হয়েছে। এটি Full Paper হিসেবে প্রকাশিত হয়েছে। উল্লেখ্য উক্ত গবেষণা পত্রে নতুন আবিস্কৃত পলিমার জরায়ু ক্যান্সার সেল-এর উপর প্রয়োগ করা হয়েছে।

## ক্রীড়া সংবাদ

### বার্জার ১ম আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা চ্যাম্পিয়নশিপে জগন্নাথ বিশ্ববিদ্যালয় দলের অংশগ্রহণ

২৫ থেকে ২৭ সেপ্টেম্বর ব্রাক ইউনিভার্সিটিতে 'বার্জার ১ম আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা চ্যাম্পিয়নশিপ-২০১৭' জগন্নাথ বিশ্ববিদ্যালয় দাবা দল অংশগ্রহণ করে। এ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় দাবা দলের খেলোয়াড়রা ২৪ সেপ্টেম্বর উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর, দাবা দলের ম্যানেজার অধ্যাপক ড. অশোক কুমার সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

## সংগঠন কার্যক্রম

### ম্যানেজমেন্ট ক্লাবের উদ্যোগে 'ক্যারিয়ার কুয়েস্ট' কর্মশালা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ক্লাবের উদ্যোগে ৫ আগস্ট 'ক্যারিয়ার কুয়েস্ট' কর্মশালা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক ও ম্যানেজমেন্ট ক্লাবের উপদেষ্টা সুমন কুমার মজুমদার-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুজ্জামান।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সচিব মোঃ আশফাকুর রহমান বিসিএস পরীক্ষার খুঁটিনাটির বিষয় নিয়ে, জাপান স্টাইল লিমিটেড-এর অপারেন্স ডিরেক্টর ও জার্মান বাচার-এর সিইও কামরুল হাসান উদ্যোক্তা হওয়ার গল্প এবং একিলিস এডুকেশন-এর সিইও সুমন সেন একাডেমিক ডেভেলপমেন্ট বিষয়ে আলোকপাত করেন। এসময় ব্যবসায় শিক্ষা অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

### সাংবাদিক সমিতির নির্বাচন
### আশরাফুল ইসলাম সভাপতি এবং হুমায়ুন কবির সাধারণ সম্পাদক

১০ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নির্বাচন ২০১৭-১৮ সমিতির অফিস কক্ষে (অবকাশ ভবন, জবি) অনুষ্ঠিত হয়। নির্বাচনে সভাপতি হিসেবে দৈনিক মানবজমিন পত্রিকার প্রতিনিধি আশরাফুল ইসলাম এবং সাধারণ সম্পাদক পদে দৈনিক যুগান্তর পত্রিকার প্রতিনিধি হুমায়ুন কবির নির্বাচিত হন।

সমান সংখ্যক ভোট পাওয়ায় প্রথম মেয়াদে (ছয় মাস) সাংগঠনিক সম্পাদক হিসেবে দ্যা ডেইলি সান পত্রিকার প্রতিনিধি কবির হোসাইন এবং দ্বিতীয় মেয়াদে (ছয় মাস) সাংগঠনিক সম্পাদক হিসেবে দৈনিক খবরপত্র পত্রিকার প্রতিনিধি মোঃ সোহাগ রাসিফ নির্বাচিত হয়েছেন। এছাড়াও সদস্য পদে দৈনিক আজকালের খবর পত্রিকার প্রতিনিধি ইসমাইল হোসাইন এবং দৈনিক ইনকিলাব পত্রিকার প্রতিনিধি নাইমুর রহমান নাবিল নির্বাচিত হয়েছেন।

এছাড়াও বণিক বার্তা পত্রিকার প্রতিনিধি যুবাঈর হুসাইন সামী সহ-সভাপতি পদে, দ্যা ডেইলি পিপল'স টাইম পত্রিকার প্রতিনিধি নাছরিন ফারহানা খানম যুগ্ম-সাধারণ সম্পাদক পদে, বাংলাদেশ প্রতিদিন পত্রিকার প্রতিনিধি রাশেদ হোসাইন অর্থ সম্পাদক পদে এবং দৈনিক আমাদের সময় পত্রিকার প্রতিনিধি লতিফুল ইসলাম দপ্তর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।



উপাচার্যের সাথে সাংবাদিক সমিতির নব-নির্বাচিত কমিটির শুভেচ্ছা বিনিময়

এবার নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে প্রক্টর ড. নূর মোঃহাম্মাদ এবং নির্বাচন কমিশনার হিসেবে সহকারী প্রক্টর কাজী মোঃ নাসিরউদ্দীন ও ড. মোস্তফা কামাল দায়িত্ব পালন করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির প্রধান উপদেষ্টা ও উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান নির্বাচনের ফলাফল ঘোষণা করেন। ফলাফল ঘোষণা শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নব-নির্বাচিত সদস্যবৃন্দ উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া-কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

### শ্রী কৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভা, র‍্যালি ও সাংস্কৃতিক অনুষ্ঠান

পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে ১৪ আগস্ট আলোচনা সভা, র‍্যালি ও সাংস্কৃতিক অনুষ্ঠান শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।




শ্রী কৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভায় অতিথিবৃন্দ

আলোচনা সভায় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূইয়া, বিশেষ বক্তা হিসেবে কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, পুরানো ঢাকাস্' গৌড়ীয় মঠের দুইজন মহারাজ, জবি শিক্ষক সমিতির সহ-সভাপতি ড. আব্দুল্লাহ আল মাসুদ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাকী, প্রক্টর ড. নূর মোহাম্মাদ এবং শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আলোচনা সভার শুরুতে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি বিশ্ববিদ্যালয় থেকে শুরু হয়ে পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, জবি, শাখাঁরী বাজারস্থ ভিক্টোরিয়া পার্ক ঘুরে ক্যাম্পাস জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ রফিক ভবনে এসে শেষ হয়। র‍্যালিটির নেতৃত্বে দেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

## জাতীয় শোক দিবস উপলক্ষে পথ শিশুদের মাঝে খাবার বিতরণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে পথ শিশুদের মাঝে খাবার বিতরণ অনুষ্ঠান ১৬ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।




অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান

অনুষ্ঠানে সাংবাদিক সমিতির সভাপতি আশরাফুল ইসলাম আকাশের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. জাকারিয়া মিয়া ও রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান উপস্থিত ছিলেন। জবিসাসের সাধারণ সম্পাদক হুমায়ুন কবিরের সঞ্চালনায় এ আলোচনা সভা ও খাবার বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## 'গণমাধ্যম ও ১৫ই আগস্ট' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৭ উপলক্ষে ১৭ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেস কাবের উদ্যোগে 'গণমাধ্যম ও ১৫ই আগস্ট' শীর্ষক আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, "১৫ আগস্ট কেবলমাত্র রাষ্ট্র ক্ষমতা পরিবর্তনের জন্য হয়নি। বঙ্গবন্ধু, বাংলাদেশ ও বাঙালিত্ব- এই তিনটি জিনিসকে একই সাথে হত্যা করা হয়েছিল। বাঙালির ইতিহাসকে মুছে ফেলে পূর্ব পাকিস্তান কায়েম করার জন্য এই ঘটনা ঘটানো হয়েছিল। বঙ্গবন্ধুর প্রত্যক্ষ হত্যাকারীদের বিচার কার্য সম্পন্ন হলেও পরোক্ষভাবে মদদ দাতাদের বিচারের আওতায় এনে বিচার করতে হবে।"




জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় মঞ্চে উপবিষ্ট রয়েছেন অতিথিবৃন্দ

তিনি আরো বলেন, "স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে বেশির ভাগ মুসলিম দেশসহ বিশ্বের অধিকাংশ পরাশক্তি বাংলাদেশের স্বাধীনতা বিরোধীতা করলেও বাঙালিরা তাদের কাঙ্খিত স্বাধীনতা ঠিকই অর্জন করেছিল। পাকিস্তানী সৈন্যরা ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর আত্মসমর্পন করলেও আমাদের দেশের অভ্যন্তরে পাকিস্তানী সমর্থকরা দেশের স্বাধীনতা মেনে নিতে পারেনি। দেশ স্বাধীন হওয়ার পর স্বাধীনতা বিরোধী গোষ্ঠীরা পরাজয়ের গ্লানি মেনে নিতে পারেনি বলেই দেশীয় এবং আন্তর্জাতিক অঙ্গনের শত্রুদের নিয়ে ১৫ আগস্ট ঘটানো হয়েছিল। স্বাধীনতা বিরোধীদের কার্যকলাপ থেকে আমাদের সচেতন থাকতে হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার জন্য সকলকে একত্রে কাজ করতে হবে।"

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেস কাবের সভাপতি সুব্রত মণ্ডল-এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ ফখরুল ইসলাম (শাহীন)-এর সঞ্চালনায় আরো বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি আবদুল্লাহ-আল্-মাসুদ ও প্রক্টর ড. নূর মোহাম্মাদ। আলোচনা সভায় 'গণমাধ্যম ও ১৫ই আগস্ট' শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষে সাংস্কৃতিক কেন্দ্রের চিত্রকর্ম প্রদর্শনী

১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস-২০১৭' উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে তিন দিনব্যাপী (২২-২৪ আগস্ট) 'চিত্রকর্ম প্রদর্শনী-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান ২২ আগস্ট একাডেমিক ভবনের নিচতলায় অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান চিত্রকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন।



চিত্রকর্ম প্রদর্শনী অবলোকন করছেন উপাচার্য

সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি ঋত্বিক রায়-এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চারুকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, সহযোগী অধ্যাপক ড. বজুলর রশিদ খান, প্রভাষক মোঃ ইমাম হোসেন, সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিষ্ঠাকালীন সভাপতি সুরাইয়া আক্তার চিশতি রিমা, সাংস্কৃতিক কেন্দ্রের সাবেক সভাপতি জামাল হোসাইন। অনুষ্ঠানে সেরা ৫টি ছবিকে পুরস্কার প্রদান করা হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৩য় আন্তঃবিভাগ বার্ষিক ফটোগ্রাফি প্রতিযোগিতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটির উদ্যোগে দু'দিনব্যাপী (২০ ও ২১ সেপ্টেম্বর) 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৩য় আন্তঃবিভাগ বার্ষিক ফটোগ্রাফি প্রতিযোগিতা-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান ২০ সেপ্টেম্বর একাডেমিক ভবনের নিচ তলায় অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সহযোগী অধ্যাপক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি প্রধান উপদেষ্টা ড. অনুপ কুমার সাহাসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



ফটোগ্রাফিক প্রতিযোগিতায় চিত্রকর্ম পরিদর্শন করছেন উপাচার্য ও অন্যান্যরা

উল্লেখ্য, প্রতিযোগিতার জন্য ২৫০টিরও অধিক ছবি জমা পড়ে এবং নির্বাচিত ৪০টি সেরা ছবি প্রদর্শনীর জন্য নির্বাচন করা হয়। উল্লেখ্য, প্রতিযোগিতায় বিচারক হিসেবে ছিলেন স্বনামধন্য ফটোগ্রাফার সৈয়দ লতিফ হোসাইন।

## ভারতীয় ইনস্টিটিউট অব সোস্যাল এন্ড কালচারাল স্টাডিজের সাধারণ সম্পাদকের সৌজন্য সাক্ষাৎ

ভারতীয় ইনস্টিটিউট অব সোস্যাল এন্ড কালচারাল স্টাডিজ এর সাধারণ সম্পাদক ও জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের কোর্ট সিনেট সদস্য এবং এন সি ই আর টি এর সদস্য অরিন্দম মুখার্জী ১৬ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেন।



উপাচার্যের সাথে সাক্ষাতরত ভারতীয় ইনস্টিটিউট অব সোস্যাল এন্ড কালচারাল স্টাডিজের সাধারণ সম্পাদক

উল্লেখ্য ভারতীয় ইনস্টিটিউট এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (MOU) চুক্তি স্বাক্ষরের নীতিগত সিদ্ধান্ত হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম ও রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।


## সম্পদনা পর্ষদ

প্রধান পৃষ্ঠপোষক: অধ্যাপক ড. মীজানুর রহমান, উপাচার্য
এবং পৃষ্ঠপোষক: অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, ট্রেজারার

সম্পাদনায়: জগন্নাথ বিশ্ববিদ্যালয় ত্রৈমাসিক বার্তা ২০১৭-১৮ সম্পাদনা পর্ষদ

অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, বাংলা বিভাগ -আহ্বায়ক
অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, চেয়ারম্যান, চারুকলা বিভাগ -সদস্য
জনাব কাজী মোঃ নাসিরউদ্দীন, সহকারী অধ্যাপক, এআইএস বিভাগ -সদস্য
জনাব মোঃ তানভীর আহসান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ - সদস্য
জনাব মোঃ মিঠুন মিয়া, প্রভাষক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ - সদস্য
জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, জনসংযোগ, তথ্য প্রকাশনা দপ্তর - সদস্য সচিব

ফোন : ৯৫৩৪২৫৫, ফ্যাক্স : +৮৮-০২-৪৭১১৮৪৪৯
www.jnu.ca.bd
প্রকাশনায় : জনসংযোগ, তথ্য প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।